# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
## ঢাকা।

কর্মচারী নির্দেশ নং-এইচআরডি-১:৯৮/২০২৬

তারিখ: ২৬ মাঘ ১৪৩২
০৯ ফেব্রুয়ারি ২০২৬

**বাংলাদেশ ব্যাংকের চাকরিতে লিয়েন মঞ্জুর প্রসঙ্গে:**
**জনাব ইসমেৎ কুয়েস, অতিরিক্ত পরিচালক।**

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে SREUP PMU-তে কর্মরত অতিরিক্ত পরিচালক জনাব ইসমেৎ কুয়েস (আইডি-১৭২০২৪২৬)-কে নিম্নলিখিত শর্তসাপেক্ষে যুক্তরাষ্ট্রের টেক্সাস প্রদেশে অবস্থিত Ali's Tax and Business Solutions LLC নামক প্রতিষ্ঠানে Financial Analyst পদে যোগদানের উদ্দেশ্যে আগামী ১১/০২/২০২৬ হতে ১০/০২/২০২৯ তারিখ পর্যন্ত বাংলাদেশ ব্যাংকের চাকরিতে লিয়েন মঞ্জুর করা হলো:

১. লিয়েনকাল তাঁর চাকরির জ্যেষ্ঠতা, বেতন বৃদ্ধি ও অবসর গ্রহণের (পেনশনের) জন্য গণনাযোগ্য হবে। অন্য কোন উদ্দেশ্যে এই সময়কাল গণনাযোগ্য হবে না এবং এ লিয়েনকালে তিনি কোন বেতন, ভাতা, বোনাস, ঋণ/আগাম, মোবাইল বিল, ইন্টারনেট বিল, ছুটি এবং নিজের ও পরিবারের জন্য কোন চিকিৎসা সুবিধা পাবেন না;

২. লিয়েনকালে তাঁকে প্রচলিত নিয়মে প্রভিডেন্ট ফান্ডের চাঁদা (ন্যূনতম ৫%, সর্বোচ্চ ২৫%) সহ তাঁর মূল বেতনের ১২.৫০% হারে লিভ স্যালারি কন্ট্রিবিউশন, ২০% হারে পেনশন কন্ট্রিবিউশন এবং ৪৫০/০০ টাকা হারে ডেথ রিলিফ গ্রান্ট স্কীমের কন্ট্রিবিউশন এর অর্থ মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে জমা দিতে হবে; এ হার ভবিষ্যতে পদোন্নতি বা বেতন বৃদ্ধি/পুনঃনির্ধারণজনিত কারণে পরিবর্তিত হতে পারে;

৩. Last Payment Certificate (LPC) মোতাবেক তাঁর নিকট হতে আদায়যোগ্য সকল প্রকার কর্তন/চাঁদার নির্ধারিত মাসিক কিস্তিসমূহ যথারীতি বাংলাদেশ ব্যাংক-কে প্রদান করতে হবে;

৪. এতদ্ব্যতীত, বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য জারিকৃত লিয়েন সংক্রান্ত নীতিমালায় (এ বিভাগের ২৮/০১/২০২৪ তারিখের প্রশাসনিক পরিপত্র নং-০৫) বর্ণিত অন্যান্য শর্তাদি এক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫. লিয়েন সংক্রান্ত নীতিমালার শর্ত বা উপরে বর্ণিত যে কোন শর্ত বা তাঁর দ্বারা সম্পাদিত অঙ্গীকারনামায় বর্ণিত শর্তাদি ভঙ্গ করলে এ লিয়েন/অনুমতি বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গৃহীত হবে।

এতদুদ্দেশ্যে, SREUP PMU-তে কর্মরত অতিরিক্ত পরিচালক জনাব ইসমেৎ কুয়েস (আইডি-১৭২০২৪২৬)-কে ১০/০২/২০২৬ তারিখ কার্যদিবস শেষে তাঁর দায়িত্ব হতে বিমুক্ত করা হলো।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

(মোঃ জবদুল ইসলাম)
পরিচালক (এইচআরডি-১)
ফোন: ৯৫৩০৪৯২

**হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১**
**(প্ল্যানিং, প্রমোশন এন্ড ট্রান্সফার উইং)**

অনুলিপি নং-এইচআরডি-১(পিপিটি)২০৭(এ)/২০২৬-৮৬১ তারিখ: উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।
২. বাংলাদেশ ব্যাংক ইন্ট্রানেট।

(মোঃ তৌহিদুল আলম)
উপপরিচালক
ফোন: +৮৮০২৫৫৬৬৫০০১-৬/২১০০৭